তারিখ 11 MAY 2017
পৃষ্ঠা ৭

ফরম পূরণ হয়নি

# ধর্মপাশায় পরীক্ষা দিতে পারেননি তিন পরীক্ষার্থী

■ ধর্মপাশা (সুনামগঞ্জ) প্রতিনিধি

ধর্মপাশা উপজেলার বাদশাগঞ্জ ডিগ্রি কলেজে ফরম পূরণ না হওয়ায় তিন শিক্ষার্থী ডিগ্রি পাস কোর্সের পরীক্ষা দিতে পারেননি। এদিকে কেন ফরম পূরণ করা হয়নি জানতে চেয়ে অফিস সহকারী কামরুল ইসলামকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। গত মঙ্গলবার বিকেলে ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের প্রথম পরীক্ষা শেষ হওয়ার পর কলেজের অধ্যক্ষ এ শোকজ নোটিশ দেন।

জানা যায়, অফিস সহকারী কামরুল ইসলাম গত বছরের নভেম্বর মাসে এ কলেজের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফরম পূরণের দায়িত্ব পালন করেন। প্রথম বর্ষের পরীক্ষার্থী জুঁই সরকার ও উমা রানী সরকার ৩ হাজার ৩০০ টাকা করে এবং সীমা বেগম ২ হাজার ৭০০ টাকা করে ফরম পূরণ বাবদ কামরুল ইসলামের কাছে জমা দেন। তিনি পরীক্ষার্থীদের ফরম পূরণ না করে সেই টাকা আত্মসাৎ করায় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ওই তিনজন পরীক্ষার্থীর প্রবেশপত্র সরবরাহ করা হয়নি। ফলে তিন পরীক্ষার্থীই গত মঙ্গলবার থেকে শুরু হওয়া পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেননি।

অভিযুক্ত অফিস সহকারী কামরুল ইসলাম জানান, শোকজ নোটিশ পেয়েছেন। তিনি তিন পরীক্ষার্থীর কাছ থেকে টাকা নিয়েছিলেন। তার ভুলের কারণেই তারা পরীক্ষা দিতে পারেনি।'

বাদশাগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. কামরুল ইসলাম চৌধুরী বলেন, 'টাকা দেওয়া সত্ত্বেও কেন ফরম পূরণ করা হয়নি তার উপযুক্ত জবাব আগামী সাতদিনের মধ্যে দেওয়ার জন্য অফিস সহকারীকে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়েছে।'